DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:29 AM

সারাদেশ

# শীর্ষ সন্ত্রাসী মিন্টু মিয়া র‍্যাবের হাতে গ্রেফতার

প্রতিবেদক: gmabusay
প্রকাশের তারিখ: শুক্রবার, ২৪ জুলাই ২০২৬, ০৮:৪৭ PM



ছবি: সংগৃহীত

রাজধানীর কারওয়ান বাজার এলাকা থেকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তালিকাভুক্ত ছিনতাইকারী ও শীর্ষ মাদক ব্যবসায়ী এবং একাধিক অস্ত্র মামলাসহ ২৯ মামলার আসামি মো. মিন্টু শেখ ওরফে মিন্টু মিয়াকে (৪৮) গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-২।

বৃহস্পতিবার (২৩ জুলাই) বিকেলে কারওয়ান বাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয় বলে জানিয়েছে র‍্যাব।

র‍্যাব-২ এর উপ-পরিচালক (মিডিয়া) মেজর এম মুবীন রহমান তাপস বলেন, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, রাজধানীর তেজগাঁও এলাকার চিহ্নিত সন্ত্রাসী ও একাধিক মামলার আসামি মিন্টু মিয়া কারওয়ান বাজার এলাকায় অবস্থান করছে। এ তথ্যের ভিত্তিতে র‍্যাব-২ এর একটি আভিযানিক দল বিশেষ অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করে।

র‍্যাব সূত্রে জানা গেছে, গ্রেফতার হওয়া মিন্টু দীর্ঘদিন ধরে কারওয়ান বাজারসহ রাজধানীর বিভিন্ন এলাকায় অস্ত্রের ভয় দেখিয়ে ছিনতাই, চুরি, মাদক ব্যবসা এবং অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছিল।

পুলিশ ক্লিয়ারেন্স অ্যান্ড ক্রাইম প্রোফাইল রেকর্ড (পিসিপিআর) যাচাই করে র‍্যাব জানতে পারে, মিন্টু মিয়ার বিরুদ্ধে বিভিন্ন থানায় মোট ২৯টি মামলা রয়েছে। এর মধ্যে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও থানায় দস্যুতা, গুরুতর আঘাত, ভয়ভীতি প্রদর্শন ও হত্যাচেষ্টার ৪টি মামলা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ১১টি মামলা এবং অস্ত্র আইনে একটি মামলা রয়েছে।

এছাড়া তার বিরুদ্ধে তেজগাঁও শিল্পাঞ্চল থানায় সরকারি কাজে বাধা ও হত্যাচেষ্টার একটি মামলা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৫টি মামলা এবং অস্ত্র আইনে একটি মামলা, গাজীপুর মহানগর পুলিশের গাছা থানায় ৩টি, ঢাকা রেলওয়ে থানায় একটি, চট্টগ্রাম রেলওয়ে থানায় একটি এবং জামালপুরের আদালতে একটি মামলার তথ্য পাওয়া গেছে।

র‍্যাব জানায়, গ্রেফতার হওয়া আসামির বিরুদ্ধে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। একই সঙ্গে তার দেওয়া তথ্যের ভিত্তিতে তার পলাতক সহযোগীদের গ্রেফতারের অভিযান চলমান রয়েছে।

রাজধানীতে সন্ত্রাস, মাদক কারবার ও ছিনতাই দমনে তাদের নিয়মিত অভিযান চলমান থাকবে বলেও জানায় র‍্যাব।

---


## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/shirsh-sntrasi-mintu-miya-rjaber-hate-greftar